

A(৩)
৩১মার্চ ২০২৬
২০/৪/২৬



বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড

শিক্ষা মন্ত্রণালয়

প্রবাসী কল্যাণ ভবন (লিফটের-১৩), ৭১-৭২, ইফাটন গার্ডেন, রমনা, ঢাকা।

Web: terbb.gov.bd E-mail: info@terbb.gov.bd

স্মারক: টিইআরবিবি/শি:চা:(১২৬)/২০২৬

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা	তারিখ:
প্রতি নং: ৫০৫	০৯ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ
তারিখ: ২৬/৪/২৬	২৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
পরিচালক (প্রশাসন ও অর্থ) শিক্ষা ও উন্নয়ন	
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) প্রশিক্ষণ ও উন্নয়ন	
সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ) মাদ্রাসা/প্রশাসন	
দাখিল ও প্রাথমিক শিক্ষা/মতি ও আইন/প্রশিক্ষণ ও শারীর/স্বাস্থ্য ও উন্নয়ন	
নথিতে দিন	মহাপরিচালক

বরাবর
মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিষয়ঃ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড তহবিলের জন্য আপনার আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অর্থ Account-name-BASORKARI S.K.O SHUBIDHA BOARD, Account Number ০২০০০২৩১১৯৬৭৫, Agrani Bank PLC, Principal Br, Dhaka ৪০০৬ এ জমা করণ।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.৩১.০০১.২৫.৮০, তারিখ: ১৭-০২-২০২৬ এবং ৩৭.০০.০০০০.০৭৪.৩১.০০১.২৫.৮১, তারিখ: ১৭-০২-২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপেক্ষিতে আপনার আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিকট হতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড খাতে আদায়কৃত অর্থ যথাযথ সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক Account name-BASORKARI S.K.O SHUBIDHA BOARD, Account Number-০২০০০২৩১১৯৬৭৫, Agrani Bank PLC, Principal Br, Dhaka ৪০০৬ ব্যাংক হিসাবে এ জমা প্রদান করা প্রয়োজন।

এমতাবস্থায়, শিক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অর্থ দ্রুততম সময়ের মধ্যে অগ্রণী ব্যাংক পিএলসি, প্রধান শাখা, ঢাকায় নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

কপি সংযুক্ত: বর্ণনা মোতাবেক

(প্রফেসর মো: জাকর আহম্মদ)
পরিচালক
অবসর সুবিধা বোর্ড।

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। অতিরিক্তসচিব (বেসরকারি মাধ্যমিক-৩ শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। হিসাবরক্ষণ কর্মকর্তা
- ৩। সহকারি পরিচালক (প্রশাসন)
- ৪। অফিস কপি।

অর্থ (কি) ১০/৪/২৬

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	
পরিচালক (প্রশাসন ও অর্থ) এর নগর	
ডকেটনম্বর:	তারিখ:
উপ-পরিচালক (প্র)	পরিদর্শক (বি)
উপ-পরিচালক (অ)	পরিদর্শক (সি)
সহকারী পরিচালক (প্র)	পরিদর্শক (সি)
সহকারী পরিচালক (সি)	পরিদর্শক (সি)
সহকারী পরিচালক (মো.এ)	পরিদর্শক (মো.এ)
পরিদর্শক (চা ও নি)	
পরিদর্শক (চি)	পরিচালক

নং-৩৭.০০.০০০০.০৭৪.৩১.০০১.২৫.৮১

তারিখ: ০৪ ফাল্গুন ১৪৩২
১৭ ফেব্রুয়ারি ২০২৬

পরিপত্র

বিষয়: 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড' এবং 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট' তহবিলের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিকট হতে ভর্তিকালীন আদায়ের হার ও পদ্ধতি পুনর্নির্ধারণ

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের অবসরকালীন সুবিধা প্রদানের লক্ষ্যে গঠিত 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড' এবং 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট' তহবিলের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিকট হতে ভর্তিকালীন আদায়ের হার ও পদ্ধতি নির্দেশক্রমে নিয়োক্তরূপে পুনর্নির্ধারণ করা হলো:

(ক) ভর্তিকালীন শিক্ষার্থীপ্রতি আদায়ের হার

- (১) সাধারণ শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড কেবল একাদশ শ্রেণি/সমপর্যায়ে ভর্তিকালীন শিক্ষার্থী প্রতি ১০০ টাকা হারে গ্রহণ করবে;
- (২) জাতীয় বিশ্ববিদ্যালয় ও ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় কেবল ১ম বর্ষে শিক্ষার্থী ভর্তিকালীন শিক্ষার্থীপ্রতি ১০০ টাকা হারে আদায় করবে;
- (৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ৯ম শ্রেণি এবং সমপর্যায়ে কেবল ভর্তির সময় শিক্ষার্থী প্রতি ১০০ টাকা করে সংগ্রহ করবে।
- (৪) উল্লিখিত অর্থ ব্যতীত শিক্ষার্থীদের নিকট হতে অবসর সুবিধা বোর্ড ও কল্যাণ ট্রাস্টের জন্য কোন অর্থ গ্রহণ করা যাবেনা।

(খ) আদায়কৃত অর্থ জমা প্রদান

- (১) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে আদায়কৃত অর্থের ৭০ শতাংশ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড এবং ৩০ শতাংশ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্টের নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করতে হবে।
- (২) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট তাদের ব্যাংক হিসাব নম্বর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগকে অবহিত করবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হিসাব নম্বরসমূহ সংশ্লিষ্ট পক্ষগণকে প্রদান করবে।

০২। উল্লিখিত নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে।

(সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী)

উপসচিব

৯৫৪০৫১৭

nongovt.secondary.sec3@shed.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৩. উপাচার্য, ইসলামী আরবী বিশ্ববিদ্যালয়, ঢাকা
৪. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৫. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৬. মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,..... (সকল)
৮. চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।